# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা-৬৬০০

স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৫-২৬/১১ তারিখ: ১৩ জুলাই ২০২৬ খ্রি.

## GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি ২০২৫-২৬ এর চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৫-২৬ শিক্ষাবর্ষে চূড়ান্ত ভর্তি কার্যক্রম আগামী **১৬ জুলাই ২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবার** পর্যন্ত চলমান থাকবে। অনুরূপভাবে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের **একাডেমিক ভবন-৩ এর নীচতলায় অবস্থিত ০১১২নং কক্ষে ১৬ জুলাই ২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ০৩:০০ ঘটিকা** পর্যন্ত চলবে। উক্ত সময়ের মধ্যে চূড়ান্ত ভর্তির নির্দেশনা মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

*স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৫-২৬/১১* *তারিখ: ১৩ জুলাই ২০২৬ খ্রি.*

**অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) ডিন, বিজ্ঞান/ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/ ব্যবসায় শিক্ষা/ মানবিক ও সামাজিক বিজ্ঞান/ জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ, পাবিপ্রবি;
২) চেয়ারম্যান, সিএসই/ ইইই/ গণিত/ ব্যবসায় প্রশাসন/ ইইসিই/ আইসিই/ পদার্থবিজ্ঞান/ অর্থনীতি/ ভূগোল ও পরিবেশ/ বাংলা/ সিভিল ইঞ্জি./ আর্কিটেকচার/ ফার্মেসি/ রসায়ন/ সমাজকর্ম/ পরিসংখ্যান/ নগর ও অঞ্চল পরিকল্পনা/ ইংরেজি/ লোক প্রশাসন/ ইতিহাস/ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, পাবিপ্রবি;
৩) প্রভোস্ট, স্বাধীনতা হল/ জুলাই ৬ হল/মাতৃভাষা হল/ গণতন্ত্র হল, পাবিপ্রবি;
৪) প্রক্টর, পাবিপ্রবি;
৫) পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর, পাবিপ্রবি;
৬) পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি সংক্রান্ত নোটিশ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
৭) পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব দপ্তর, পাবিপ্রবি;
৮) অতিরিক্ত পরিচালক, পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন দপ্তর, পাবিপ্রবি;
৯) প্রশাসক, পরিবহন পুল, পাবিপ্রবি;
১০) ডেপুটি চিফ মেডিকেল অফিসার, মেডিকেল সেন্টার, পাবিপ্রবি;
১১) প্রটোকল অফিসার, উপাচার্য দপ্তর (মাননীয় উপাচার্য-এর সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
১২) ম্যানেজার, জনতা ব্যাংক পিএলসি, পাবিপ্রবি শাখা;
১৩) নোটিশ বোর্ড, পাবিপ্রবি;
১৪) অফিস নথি।

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা-৬৬০০

স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৫-২৬/৯ তারিখ: ০৭ জুলাই ২০২৬ খ্রি.

**GST গুচ্ছভুক্ত পদ্ধতিতে স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বিবিএ, বিএসএস, ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে ১ম বর্ষে (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬) শিক্ষার্থী ভর্তির**

## বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা পদ্ধতিতে A, B, C ইউনিট এবং কোটায় যে সকল শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত হয়েছেন, সে সকল শিক্ষার্থীদেরকে (যারা এ বিশ্ববিদ্যালয়ে চূড়ান্তভাবে ভর্তি হতে ইচ্ছুক) **আগামী ০৮ জুলাই ২০২৬ খ্রি. হতে ১৩ জুলাই ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (১০ জুলাই ২০২৬ খ্রি. শুক্রবার ব্যতীত) সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ০৩:৩০ ঘটিকার মধ্যে সশরীরে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কনভেনশন সেন্টার (বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পেছনে)-এর ৩য় তলায় উপস্থিত হয়ে নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় 'সনদপত্র' ও ভর্তি 'ফি' সমূহ জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হওয়ার জন্য বলা হলো, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

**ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

০১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী **https://admission.pust.ac.bd** ওয়েবসাইটের মাধ্যমে GST-এর ID ও Password দিয়ে login করে সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফর্মটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফর্ম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফর্মটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিন্ট নিতে হবে। অনলাইনে ভর্তি ফর্ম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:-

i. GST কর্তৃক প্রদত্ত ID ও Password.
ii. রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।
iii. NID অথবা Birth Certificate Number.

**০২। ভর্তির সময় নিম্নে বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:**

i. পূরণকৃত ভর্তি ফর্মের দুই কপি প্রিন্ট (A4 সাইজের অফসেট কাগজে) ।
ii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর মূল সার্টিফিকেট, মূল নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
iii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর সার্টিফিকেট, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের ফটোকপি ০১(এক) সেট।
iv. ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
v. সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৪ (চার) কপি রঙিন ছবি।
vi. অনলাইন/ব্যাংক-এ জমাকৃত ভর্তি ফি প্রদানের রশিদ।

**০৩। বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় 'ফি' এর পরিমাণ নিম্নে দেয়া হলো:**

| ক্র: নং | অনুষদের নাম | বিশ্ববিদ্যালয় ফি | সিলেবাস, শিক্ষা ও গবেষণা সহায়ক ফি | অনুষদ ফি | হল উন্নয়ন ফি | বিবিধ ফি | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| i. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ (CSE, EEE, EECE, ICE, Civil Eng, Architecture, URP) | ১০,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৮,০০০ |
| ii. | বিজ্ঞান অনুষদ (Mathematics, Physics, Pharmacy, Chemistry, Statistics) | ১০,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৮,০০০ |
| iii. | জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ (Geography and Environment) | ১০,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৮,০০০ |
| iv. | ব্যবসায় শিক্ষা (Business Administration, THM) | ১০,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৮,০০০ |
| v. | মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (Economics, Bangla, Social Work, English, Public Ad., History) | ১০,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৮,০০০ |

***GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে অনলাইনের মাধ্যমে প্রাথমিক ভর্তি হয়ে থাকলে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির ক্ষেত্রে ভর্তি ফি বাবদ ৫,০০০/- টাকা কম জমা দিতে হবে (অর্থাৎ ১৮,০০০-৫,০০০= ১৩,০০০/- টাকা)।**

**ভর্তি ফি সমূহ:** ভর্তি ফরম পূরণ শেষে ভর্তি ফি এবং বিভাগীয় সমিতি ফি প্রদানের অনলাইন অপশন পাওয়া যাবে অথবা জনতা ব্যাংক পিএলসি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় **পাবিপ্রবি জিএসটি ভর্তি ফান্ড** হিসাব এ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের রশিদ নির্ধারিত সময়ের মধ্যে অফিসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থিতা বাতিল হবে।

**বিশেষ শর্তাবলী:** শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।